



তমাল
ও
টাকার গাছ



তমাল খুব অলস ছিল। একদিন এক বয়স্ক লোকের সাথে তার দেখা হল। লোকটি তাকে একটি চারা গাছ দিয়ে বলল এটা বাড়িতে নিয়ে রোপন কর, চারা বড় হলে তা থেকে টাকা পাওয়া যাবে।



তমাল চারাটি নিয়ে বাড়ি এল। সুন্দর ও নিরাপদ জায়গায় সে চারাটি রোপন করল।



তমাল প্রতিদিন চারাটির পরিচর্যা করত ।
ধীরে ধীরে চারা গাছটি বড় হয়ে উঠলো ।



গাছ অনেক বড় হলো কিন্তু
টাকার দেখা না মিলায় তমাল
চিন্তায় পড়ল ।



কিছু দিন পরে গাছে ফুল এল। একজন ব্যবসায়ী ফুল কিনে নিল
এবং তমালকে অনেক টাকা দিল।




এর কিছু দিন পর ফুল থেকে ফল হল।
তা থেকে ও তমাল প্রচুর টাকা পেল





একদিন বয়স্ক লোকটি তমালের বাড়িতে গেল ।
তমালকে লোকটি নিরাপদ স্থানে টাকা রাখতে পরামর্শ দিল ।
বয়স্ক লোকটি তমালকে একটি ব্যাংক দেখিয়ে বলল, টাকা জমা
রাখার সবথেকে নিরাপদ হলো ব্যাংক ।



লোকটি তমালকে নিয়ে ব্যাংকের ব্যাবস্থাপকের নিকট আসলো ।
ব্যাবস্থাপকের সহায়তায় তমাল একটি সঞ্চয়ী হিসাব
করলো । তমাল এখন নিরাপদে লেনদেন সম্পন্ন
করতে পারে ।